104

দৈনিক ইনকিলাব

তারিখ 0 8 SEP 1993
পৃষ্ঠা ৫ কলাম ৫

## ইসলামিক স্টাডিজ বিভাগ

প্রাচ্যের অক্সফোর্ড ঢাকা বিশ্ববিদ্যালয়ে ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ে "ইসলামিক স্টাডিজ" একটি গুরুত্বপূর্ণ বিভাগ। কিন্তু ইসলামী বিশ্ববিদ্যালয়ে (১) আল-কুরআন এণ্ড ইসলামিক স্টাডিজ (২) আল হাদীস এণ্ড ইসলামিক স্টাডিজ ও (৩) আত-তাওহিদ এণ্ড ইসলামিক স্টাডিজ বিভাগ নামে তিনটি স্বতন্ত্র বিভাগ খোলা হয়েছে। এমতাবস্থায় ঢাকা বিশ্ববিদ্যালয় ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ে যেখানে ইসলামিক স্টাডিজ নামে একটি বিষয় রয়েছে, সেখানে কেন ইসলামী বিশ্ববিদ্যালয়ে শুধু 'এণ্ড' শব্দটি লাগিয়ে দিয়ে তিনটি স্বতন্ত্র সাবজেক্টকে ইসলামিক স্টাডিজ বিভাগের সমান্তরাল ভাবা হবে। যদি তাই হয়, তবে চাকরির ক্ষেত্রে "ইসলামিক স্টাডিজ বিভাগের একটি পদের জন্য উল্লেখিত চারটি সাবজেক্ট-এর ছাত্র-ছাত্রী প্রতিযোগিতায় আসবে তা কি আদৌ আইনসম্মত? মোঃতাওহিদুর রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয়।